# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 AUGUST 2025 7:45—7:55 PM**

---

১) ২০২৭ সালে আসামে জাতীয় ক্রীড়া মহোৎসব অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা ।

২) ধেমাজীতে ২০০৪ সালের ১৫ আগষ্ট বোমা বিস্ফোরণে নিহত ১৩টি শিশুকে স্মরণ করে রাজ্যে আজ শোক দিবস পালন । বরাক উপত্যকার তিন জেলাতেও এই দিবস পালন ।

৩) প্রাক্তন প্রধানমন্ত্রী , ভারতরত্ন সম্মানে ভূষিত অটল বিহারী বাজপায়ীর সপ্তম মৃত্যু বার্ষিকীতে সমগ্র দেশের আজ প্রয়াত নেতার প্রতি শ্রদ্ধার নিবেদন ।

এবং

৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উদযাপন ।

---

২০২৭ সালে আসামে জাতীয় ক্রীড়া মহোৎসব অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে । উত্তর গৌহাটিতে আজ দুটি উন্নত মানের ক্রীড়া একাডেমীর উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ কথা জানান । তিনি বলেন যে এই একাডেমী দুটির মাধ্যমে রাজ্যের ক্রীড়া ক্ষেত্রের আমূল পরিবর্তন নিয়ে আসা আস্তব হবে । ডক্টর শর্মা বলেন যে বিশ্বমানের খেলোয়াড় সৃষ্টি করতে হলে খেলোয়াড়দের জন্য বিশ্বমানের সুবিধা সৃষ্টি করতে হবে এবং আসাম এই উদ্দেশ্যে প্রয়াস অব্যাহত রেখেছে ।
বাইট-----------

রাজ্যের প্রত্যেকটি জেলায় ক্রীড়ার অনুশীলনের জন্য উন্নতমানের পরিকাঠামো তৈরী করা হচ্ছে এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থাও করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ৪০ বিঘা জমিতে নির্মীত আসাম ক্রিকেট সংস্থার ক্রিকেট একাডেমী এবং গৌহাটি টাউন ক্লাবের ফুটবল একাডেমী দুটিতে হোষ্টেল , জিম , প্যাভিলিয়ন , ইন-ডোর ষ্টেডিয়াম ও মাঠ সহ সব ধরণের সুবিধার ব্যবস্থা করা হয়েছে । আজকের এই উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী অশোক সিংহলও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

২০০৪ সালের ১৫ আগস্ট ধেমাজীতে বোমা বিস্ফোরণে প্রাণ হারানো ১৩ টি শিশুকে স্মরণ করে রাজ্যের বিভিন্ন অংশে আজ শোক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু স্বাধীনতা দিবসের দিনই করুণভাবে মৃত্যুবরণ করা শিশুদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন যে ধেমাজীবাসী স্বাধীনতা দিবস উদযাপন করতে আসা শিশুদের করুণ মৃত্যুর বিষাদময় স্মৃতি কখনও ভুলতে পারবে না । এই ঘটনা আমাদের সকলকে সন্ত্রাসবাদের বিরুদ্ধে এবং মানবিক মূল্যবোধের সপক্ষে ঐক্যবদ্ধভাবে লড়াই করার সাহস যোগাবে বলেও শ্রী পেগু উল্লেখ করেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ শোক দিবস পালন করা হয়েছে ।
কাছাড় জেলা প্রশাসন এবং অন্যান্য সরকারী বিভাগের কার্যালয়ে আজ শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক দিবস পালন করা হয়েছে । কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে অতিরিক্ত আয়ুক্ত হেমাঙ্গ নবীস কার্যালয়ের কর্মচারীদের শোক দিবস উপলক্ষ্যে অহিংসা ও সহিষ্ণুতার সমবেত শপথবাক্য করান । তথ্য ও জনসংযোগ বরাকভ্যালী জোনের শিলচর কার্যালয়েও আজ এই দিবস পালন করা হয়েছে । কার্যালয়ের আধিকারিক ও কর্মচারীরা শোক দিবসের শপথ বাক্য পাঠ করেন এবং শহীদদের স্মৃতিতে
এক মিনিট নীরবতা পালন করেন ।
শ্রীভূমি জেলায় আজ এই দিবস পালন করা হয়েছে । আজ সকাল ১১ টায় শ্রীভূমির জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে ডি ডি সি দীপক জিডুং ,এডিসি আনিস রসুল মজুমদার , নির্বাচন আধিকারিক রৌসিনুল আলম ,সহকারী আয়ুক্ত রাসিকা ইসলাম সহ আধিকারিক ও কর্মচারীদের উপস্থিতিতে সমবেত শপথবাক্য পাঠ করা হয় ও এক মিনিট নীরবতা পালন করা হয় । এ উপলক্ষ্যে জেলার প্রতিটি সরকারী কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে । এদিকে শোক দিবস উপলক্ষ্যে জেলার পাথারকান্দি ও রামকৃষ্ণ নগর সম জেলায় এবং প্রতিটি রাজস্ব চক্র সহ অন্যান্য সব

বিভাগীয় কার্যালয়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে অহিংসা ও সহিষ্ণুতার শপথ বাক্য পাঠ এবং এক মিনিট নীরবতা পালন করা হয় ।
হাইলাকান্দি জেলায়ও এই দিবস উপলক্ষ্যে সব সরকারী কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানে সব ধরণের সন্ত্রাসবাদ ও জঙ্গি কার্যকলাপকে ধিক্কার জানিয়ে সরকারী আধিকারিক ও কর্মচারীরা সমবেত শপথ গ্রহণ করেন । জেলা আয়ুক্তের কার্যালয়ে আধিকারিক ও কর্মচারীদের সমবেত শপথবাক্য পাঠ করান অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় ।

---

প্রাক্তন প্রধানমন্ত্রী , ভারতরত্ন সম্মানে ভূষিত অটল বিহারী বাজপায়ীর সপ্তম মৃত্যু বার্ষিকীতে আজ সমগ্র দেশ প্রয়াত নেতাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে । জনপ্রীয় এই নেতা ২০১৮ সালের আজকের দিনেই শেষ নিশ্বাস ত্যাগ করেছিলেন । অটল বিহারী বাজপায়ী ৩ বার ভারতের প্রধানমন্ত্রীর আসন অলঙ্কৃত করেছিলেন । ১৯শো ৯৬ সালে তিনি প্রথমবার মাত্র ১৩ দিনের জন্য প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেছিলেন । এরপর ১৯৯৮ থেকে ১৯শো ৯৯ পর্যন্ত ১১ মাসের জন্য তিনি পুনরায় প্রধানমন্ত্রী পদে ছিলেন । প্রয়াত বাজপায়ী ১৯৯৯ সাল থেকে ২ হাজার ৪ সাল পর্যন্ত পূর্ণকালের জন্য ভারতের প্রধানমন্ত্রী হিসেবে কার্যনির্বাহ করেছিলেন । ২ হাজার ১৫ সালে তাকে দাশের সর্বোচ্চ অসামরিক সম্মান ভারতরত্নে ভূষিত করা হয়েছিল ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে রাজধানী দিল্লীতে অবস্থিত তার স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য নিবেদন করেন । কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং , জে পি নাড্ডা , কিরেণ রিজিজু , গজেন্দ্র সিং শেখাওয়াত , লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রমুখ প্রয়াত নেতার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

দেশের অন্যান্য অংশের সঙ্গে আসামেও আজ প্রয়াত প্রধানমন্ত্রীকে স্মরণ করা হয় । গৌহাটির রাজ্য বি জে পি কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে প্রয়াত প্রধানমন্ত্রীকে শ্রদ্ধা জানানো হয় । অনুষ্ঠানে অংশ নিয়ে রাজ্য বি জে পি সভাপতি দিলীপ শইকীয়া বলেন যে তিনি আসাম থেকে অবৈধ বিদেশী চিহ্নীত করে বিতরণ করার ওপর সংসদে প্রায় ৪৫ মিনিটব্যাপী ভাষণ দিয়ে আসাম আন্দোলনের মূল বিষয়বস্তু তুলে ধরেছিলেন । শ্রী শইকীয়া বলেন যে উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক বৈষম্য দূর করা সহ বড়োল্যান্ড অঞ্চলের শান্তি এবং উন্নয়নের ক্ষেত্রে বাজপায়ী উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিলেন । তার নেতৃত্বে ২০০৩ সালে একটি চুক্তিতে সাক্ষর করার পর বি-টি-সি গঠন করা হয়েছিল বলেও তিনি উল্লেখ করেন ।

বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই রংপুর জিরো পয়েন্টে অবস্থিত ভারতরত্ন অটল বিহারী বাজপায়ীর প্রতিমূর্তিতে শ্রদ্ধা নিবেদন করেন ।

রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়েস্থ সহ বি জে পি কর্মকর্তারাও এই অনুষ্ঠানে অংশ নিয়ে প্রয়াত প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ গৌহাটিতে মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমার সঙ্গে সৌহার্দ্যপূর্ণ বৈঠকে মিলিত হন । বৈঠকে উভয় নেতাই দুই রাজ্যের মধ্যে পারস্পরিক বিকাশ সুদৃঢ় করার বিষয় নিয়ে আলোচনা করেন । বৈঠকে উভয় রাজ্যের উন্নয়ন ও সহযোগিতামূলক পদক্ষেপ নিয়েও আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন অংশে আজ ভগবান শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উদযাপন করা হয়েছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী জন্মাষ্টমী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি মুর্মু সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে ভগবান শ্রী কৃষ্ণ মানব জাতিকে সকলের কল্যাণের জন্য নিষ্ঠাবান হয়ে সঠিক পথ অনুসরণ করে কিভাবে কর্তব্য সম্পাদন করা যায় তার সন্ধান দিয়েছেন । সেইসঙ্গে শ্রীমতি মুর্মু ভগবান শ্রীকৃষ্ণের দেখানো পথ অনুসরণ করতে এবং সমাজ তথা রাষ্ট্রকে সুদৃঢ় করে তওলার জন্য কাজ করতে দেশবাসীকে আহ্বান জানান

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক বার্তায় বিশ্বাস আনন্দ ও উৎসাহের পবিত্র উৎসব জন্মাষ্টমী জনসাধারণের জীবনে নতুন উৎসাহ উদ্দীপনার সঞ্চার করবে বলে আশা প্রকাশ করেন ।

দেশের বিভিন্ন স্থানের সঙ্গে আজ বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন মন্দিরে এবং ঘরে আজ জন্মাষ্টমী পালন করা হচ্ছে ।

কাছাড় জেলার শহর ও গ্রামগুলির বিভিন্ন আখড়া এবং মন্দিরে বিশেষ পূজা অর্চনা , নামকীর্তন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । জন্মাষ্টমী উপলক্ষ্যে মন্দিরগুলিকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে । শিলচরের শ্যাম সুন্দর আখড়া , ইস্কন মন্দির , গোপাল আখড়া , গৌড়ীয় মঠ সহ বিভিন্ন মন্দিরে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসব উপলক্ষ্যে ধর্মীয় আচার অনুষ্ঠানে যোগ দিতে অগণিত ভক্তদের ভীড় পরিলক্ষিত হয়েছে । এছাড়া ঘরে ঘরে ভগবান শ্রীকৃষ্ণকে তাঁর প্রিয় ভোগ নিবেদন করা সহ ভজন ,কীর্তন এবং পূজা অর্চনা করা হচ্ছে ।

শ্রীভূমি জেলার বিভিন্ন মঠ ,মন্দিরেও উৎসাহ উদ্দীপনায় জন্মাষ্টমী উৎসব উদযাপন করা হয় ।

হাইলাকান্দি জেলায় ভগবান শ্রীকৃষ্ণের জন্মাতিথি উপলক্ষ্যে বিভিন্ন মন্দিরে আয়োজন করা হয়েছে বিশেষ পূজা -অর্চনা ,নাম সংকীর্তন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান । বিশেষ করে বাণেশ্বর শিব মন্দিরে আজ দুপুর থেকে আরম্ভ হয়েছে যজ্ঞ এবং নানা ধর্মীয় অনুষ্ঠান । মন্দির কর্তৃপক্ষ জানিয়েছেন যে দিন রাত এই অনুষ্ঠান চলবে । এছাড়া রাধা-কৃষ্ণ সাজো প্রতিযোগীতা , বসে আঁকো প্রতিযোগীতা ,জন্মাষ্টমীর স্নান এবং গান কীর্তন সহ বিভিন্ন আয়োজন করা হয়েছে ।

এদিকে লায়ন্স ক্লাব অফ লালা এবং লালা গৌড়ীয় মঠের উদ্যোগে লালা শহরে জন্মাষ্টমী উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের উদ্যোগে আজ কাগুই লোয়াং নাগা কলোনিতে একটি বিশেষ গ্রাম সভা অনুষ্ঠিত হয় । কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রকের সিদ্ধান্ত অনুসারে কর্মযোগী অভিযানের অধীনে এই সভা আয়োজন করা হয় । উপজাতি গৌরব বর্ষ পালনের অংশ হিসেবে কিংবদন্তি স্বাধীনতা সংগ্রামী ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তীকে স্মরণ করে এই অভিযান আরম্ভ করা হয়েছে । আজকের সভায় বিভিন্ন বক্তা জনান যে আদি কর্মযোগী অভিযান দেশব্যাপী ১ লক্ষ উপজাতি গ্রামকে অর্ন্তভুক্ত করার লক্ষ্য নির্ধারণ করেছে । এ উদ্যোগের মাধ্যমে প্রত্যেকটি গ্রামে আদি কর্মযোগী চিহ্নীত করা হবে , যারা স্থানীয় স্তরে উন্নয়নের নেতৃত্ব দেবে ।

---------------------------------------------------------------------------------------

গৌহাটিতে অনুষ্ঠিত সুপার সিরিজ টেনিস প্রতিযোগিতায় আসামের নিব্রাস হুসেইন দ্বিমুকুট অর্জন করেছে । নিব্রাস হুসেইন সারা আসাম টেনিস সংস্থার উদ্যোগে আয়োজিত জাতীয় রেংকিং-এর এই প্রতিযোগিতায় ছেলেদের ১৪ বছর অনুর্ধ সিঙ্গলস এবং ডাবলস শাখায় বিজয়ী হয়েছে । ১৪ এবং ১৬ বছর অনুর্ধ ছেলে - মেয়েদের এই প্রতিযোগিতার সিঙ্গলসের ফাইনালে নিব্রাস কর্ণাটকের জস কুমারকে ৭-৫ এবং ৬-১ সেটে সরাসরি পরাজিত করে । অনুরূপভাবে , ডাবলসে নিব্রাস আসামের রিক রাউটারের সঙ্গে জুটি বেঁধে জস এবং সন্তোষ জুটিকে ৩-৬ , ৭-৫ এবং ১০-০ সেটে পরাজিত করে এই সাফল্য অর্জন করে ।

---------------------------------------------------------------------------------------

আব্রা ষ্টীল ইসলামাবাদ বিপক্ষ আরোহী ষ্টোর জামালপুরকে পরাজিত করে ডি-গ্রুপ থেকে তৃতীয় দল হিসেবে মাতৃভূমি কাপ ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডে প্রবেশ করেছে । ধলাইর বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আজকের একপেশে খেলায় আব্রা ষ্টীল ইসলামাবাদ বিপক্ষ আরোহী ষ্টোর জামালপুরকে ১১

গোলের বিশাল ব্যবধানে পরাযিত করে । গ্রুপ ডি-র অন্তিম খেলায় আগামীকাল অঞ্জলী এফ সি নতুন বাজার , আরহান এন্টারপ্রাইজ নর্থ হাওয়াইথাং-এর মোকাবিলা করবে ।

---------------------------------------------------------------------------------